দৈনিক বাংলা

তারিখ ... 30 DEC 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

147

# ঢাকা ভার্সিটিতে 'আমরা নব্বই এর সন্তানের' উদ্যোগে বিশেষ অনুষ্ঠান

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

"আমরা নব্বই এর সন্তান" নামে একটি সংগঠন আগামী ১লা জানুয়ারী '৯১ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভিন্ন-ধর্মী এক অনুষ্ঠানমালার আয়োজন করেছে।

"সমাজ ও রাষ্ট্রের সর্বস্তরে সন্ত্রাস,

(৫–এর পৃঃ দ্রঃ)

**ঢাকা ভার্সিটিতে** (প্রথম পৃঃ পর)

সাম্প্রদায়িকতা ও পেশী শক্তির অবসান হোক"—এই শ্লোগান নিয়ে ১লা জানুয়ারী থেকে ৭ই জানুয়ারী পর্যন্ত ক্যাম্পাসে এক সপ্তাহ ধরে চলবে এই অনুষ্ঠান। অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা, শান্তির সপক্ষে স্বাক্ষর সংগ্রহ অভিযান –রাজপথে গণচিত্রাংকন, মুক্ত আলোচনা, আলোকচিত্র, পোস্টার ও ভাস্কর্য প্রদর্শনী, বাউল সঙ্গীত ও কবিগান এবং শেষদিনে শান্তি সমাবেশ। প্রতিদিনের অনুষ্ঠানমালা '৯০-এর আন্দোলনের শহীদদের প্রতি উৎসর্গ করা হবে।